

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা  
(প্রশাসন শাখা)  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

অফিস আদেশ নং- ০২

এ,

তারিখঃ ১৪ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ  
২৮ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ যথাসময়ে নথি প্রাপ্তির নিষিদ্ধ হাইকোর্ট বিভাগের বেঞ্চ অফিসারগণ কর্তৃক সংশ্লিষ্ট শাখায় চাহিদাপত্র (রেকুইজিশন) প্রেরণ এবং সংশ্লিষ্ট শাখার সুপারিনটেন্ডেন্ট কর্তৃক যথাসময়ে মামলার নথি কোর্টে প্রেরণ।

Supreme Court of Bangladesh (High Court Division) Rules, 1973 এর অধ্যায় IVA এর বিধি ৮ অনুযায়ী মামলার পক্ষ বা দরখাস্তকারীর দাখিলকৃত মেনশন স্লিপ গ্রহণ করে সংশ্লিষ্ট বেঞ্চ অফিসারের স্বাক্ষর ও তারিখ সম্বলিত নথির চাহিদাপত্র (রেকুইজিশন) সংশ্লিষ্ট শাখায় প্রেরণের বিধান রয়েছে। এ সংক্রান্তে বেঞ্চ অফিসারগণ কর্তৃক প্রতিদিন নির্ধারিত সময়ের মধ্যে পরবর্তী কার্যদিবসের নথির চাহিদাপত্র (রেকুইজিশন) প্রেরণ এবং সংশ্লিষ্ট শাখার সুপারিনটেন্ডেন্টগণ কর্তৃক ঐ দিনই নথি প্রস্তুতকরণ পরের দিন সকাল ৯:৩০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট আদালতে প্রেরণের নির্দেশনা সম্বলিত গত ২৯/৭/২০১৮ খ্রিঃ তারিখে ৭জি নম্বর অফিস আদেশ জারি করা হলেও তা পুরোপুরি প্রতিপালিত হচ্ছে না মর্মে কর্তৃপক্ষের গোচরীভূত হয়েছে, যা কর্তব্য ও দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণের শামিল। এ বিষয়ে সবাইকে সচেষ্ট থাকতে বলা হলো।

২। এমতাবস্থায়, বেঞ্চ অফিসারগণ কর্তৃক প্রতিদিন অপরাহ্ন ৩:০০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট শাখায় নথির চাহিদাপত্র প্রেরণ এবং সংশ্লিষ্ট শাখা কর্তৃক ঐ দিনই নথি প্রস্তুতকরণ পরের দিন সকাল ৯:৩০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট আদালতে নথি প্রেরণ সংক্রান্ত উল্লিখিত বিধিবিধান প্রতিপালনের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো। এক্ষেত্রে কোনো প্রকার শৈলিল্য বা অবহেলা Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর অধীনে অসদাচরণ হিসেবে বিবেচিত হবে।

৩। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সান্তুষ্ট নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

(ধ্র.)

(মোঃ আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ই-মেইল: rg@supremecourt.gov.bd


অফিস আদেশ নং- ০২

এ,

তারিখঃ ১৪ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ  
২৮ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

প্রয়োজনীয় কার্যার্থে ও জ্ঞাতাৰ্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
২. অতিরিক্ত রেজিস্ট্রার (সকল), ..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
৩. ডেপুটি রেজিস্ট্রার (সকল), ..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
৪. সহকারী রেজিস্ট্রার (সকল), ..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
৫. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
৬. প্রধান বিচারপতির সচিব (হাইকোর্ট বিভাগ), বাংলাদেশ সুপ্রীম কোর্ট
৭. প্রধান বিচারপতির একান্ত সচিব, (আপীল বিভাগ), বাংলাদেশ সুপ্রীম কোর্ট
৮. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. বেঞ্চ অফিসার জনাব ..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
১০. সুপারিনটেন্ডেন্ট, ..... শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট

  
26.01.2020

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)  
ফোনঃ ৯৫৬৬৮২৬